

ত্ব-হা | Ta-Ha | طه

আয়াতঃ ২০ : ৯৩

আরবি মূল আয়াত:

أَلَا تَتَّبِعَنِ ۚ أَفَعَصَيْتَ أَمْرِي ﴿٩٣﴾

A অনুবাদসমূহ:

যে তুমি আমার অনুসরণ করলে না? তাহলে তুমিও কি আমার আদেশ অমান্য করেছ? — আল-বায়ান

আমাকে অনুসরণ করতে? তাহলে তুমি কি আমার আদেশ অমান্য করলে? — তাইসিরুল

আমার অনুসরণ হতে? তাহলে কি তুমি আমার আদেশ অমান্য করলে? — মুজিবুর রহমান

From following me? Then have you disobeyed my order?" — Sahih International

৯৩. আমার অনুসরণ করা হতে? তবে কি আপনি আমার আদেশ অমান্য করলেন?(১)

(১) হুকুম বলতে এখানে পাহাড়ে যাবার সময় এবং নিজের জায়গায় হারুনকে বনী ইসরাঈলের নেতৃত্বে অধিষ্ঠিত করার পূর্ব মুহূর্তে মূসা তাকে যে হুকুম দিয়েছিলেন সে কথাই বুঝানো হয়েছে। [ইবন কাসীর] অন্যত্র বলা হয়েছেঃ “আর মূসা (যাওয়ার সময়) নিজের ভাই, হারুনকে বললেন, আপনি আমার সম্প্রদায়ের মধ্যে আমার প্রতিনিধিত্ব করুন এবং সংশোধন করবেন, বিপর্যয় সৃষ্টিকারীদের পথ অনুসরণ করবেন। না।” [আল-আ'রাফঃ ১৪২] আর অনুসরণের অর্থ সম্পর্কেও দু'টি মত রয়েছে। এক, এখানে অনুসরণের অর্থ, মূসা আলাইহিস সালাম-এর কাছে তুর পর্বতে চলে যাওয়া। দুই, কোন কোন মুফাসসির অনুসরণের এরূপ অর্থ করেছেন যে, তারা যখন পথভ্রষ্ট হয়ে গেল, তখন আপনি তাদের মোকাবেলা করলেন না কেন? কেননা, আমার উপস্থিতিতে এরূপ হলে আমি নিশ্চিতই তাদের বিরুদ্ধে দাঁড়াইতাম। আপনারও এরূপ করা উচিত ছিল। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(৯৩) আমার অনুসরণ করা হতে? তবে কি তুমি আমার আদেশ অমান্য করলে? [1]

[1] অর্থাৎ, যদি তারা তোমার নিষেধ পালন করতে অস্বীকার করেছিল, তাহলে তোমার উচিত ছিল, সাথে সাথে তুর পাহাড়ে এসে আমাকে এর খবর দেওয়া। তুমিও আমার নির্দেশের পরোয়া করনি। অর্থাৎ, তুমি আমার স্থলাভিষিক্ত হওয়ার মর্যাদা রক্ষা করনি।

তাফসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন